# বাংলাদেশ সেনাবাহিনীতে যোগ দিন

## ৫৪তম বিএমএ স্পেশাল কোর্স (ইঞ্জিনিয়ার্স/ সিগন্যালস/ ইএমই/ এইসি), ৩৩তম ডিএসএসসি (জেএজি) এবং ৪৭তম ডিএসএসসি (আরভিঅ্যান্ডএফসি)







### যোগ্যতাঃ

**(১) বয়স।** ০১ জুলাই ২০২০ তারিখে অনূর্ধ্ব ২৮ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

**(২) শারীরিক মান (ন্যূনতম)।**

| ক্রমিক | শারীরিক যোগ্যতা | পুরুষ প্রার্থীদের জন্য | মহিলা প্রার্থীদের জন্য |
|---|---|---|---|
| ক। | উচ্চতা | ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) | ১.৫৭ মিটার (৫ ফুট ২ ইঞ্চি) |
| খ। | ওজন* | ৫৭.০০ কেজি (১২৬ পাউন্ড) | ৪৯.০০ কেজি (১০৯ পাউন্ড) |
| গ। | বুক | স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি) | স্বাভাবিক - ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) |

* উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্র বাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবেন।

**(৩) শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।** বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নবর্ণিত কোরসমূহে বর্ণিত যোগ্যতা সাপেক্ষে আবেদন করতে পারবেন ঃ

**ক। ইঞ্জিনিয়ার্স কোর - পুরুষ/মহিলা।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.৫০ সহ নিম্নবর্ণিত বিষয়ের উপর বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)ঃ (১) সিভিল ইঞ্জিনিয়ারিং (২) নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং (৩) আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং

**খ। সিগন্যালস কোর - পুরুষ/মহিলা।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.৫০ সহ নিম্নবর্ণিত বিষয়ের উপর বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)ঃ (১) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং
(২) ইলেকট্রিক্যাল ইলেকট্রনিকস্ অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং।

**গ। ইলেকট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইএমই) কোর - পুরুষ/মহিলা।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.৫০ সহ নিম্নবর্ণিত বিষয়ের উপর বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)ঃ (১) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
(২) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (৩) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (৪) নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং (৫) ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং
(৬) বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (৭) নিউক্লিয়ার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং
(৮) ম্যাটেরিয়াল অ্যান্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং।

**ঘ। আর্মি এডুকেশন কোর (এইসি) - পুরুষ/মহিলা।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.০০ সহ নিম্নবর্ণিত বিষয়সমূহে সিজিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) ফলাফলে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী হতে হবেঃ (১) গণিত (২) পদার্থ (৩) রসায়ন (৪) আন্তর্জাতিক সম্পর্ক (৫) বাংলা (৬) ইংরেজি (৭) ফার্মাসিস্ট (৮) এমবিএ (একাউন্টিং) (৯) আরবি

**ঙ। রিমাউন্ট ভেটেরিনারী অ্যান্ড ফার্ম কোর - পুরুষ।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.০০ সহ DVM/DVM&AH ডিগ্রীসহ ইন্টার্ণশীপ সম্পন্নকারী ও কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

**চ। জাজ এ্যাডভোকেট জেনারেল (জেএজি) - পুরুষ/মহিলা।** এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.০০ সহ এলএলবি (সম্মান) এবং এলএলএম/এমএএলএলএম ডিগ্রীতে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

**(৪) বৈবাহিক অবস্থাঃ**

**ক। পুরুষ।** অবিবাহিত (০১ জুলাই ২০২০ তারিখে ২৬ বছরের উপরে বিবাহিত প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে প্রশিক্ষণের জন্য যোগদানের পূর্বে বা পরবর্তীতে যে কোন সময়ে ০১ জুলাই ২০২০ তারিখে ২৬ বছর পূর্ণ হয়নি এমন প্রশিক্ষণার্থী বা অফিসার বিবাহিত ছিল প্রমাণ পাওয়া গেলে তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।)

**খ। মহিলা।** অবিবাহিতা/বিবাহিতা।

**(৫) জাতীয়তা।** জন্মসূত্রে বাংলাদেশী নাগরিক।

### প্রার্থীর জন্য অযোগ্যতাঃ

(৬) সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারি চাকরি হতে স্বেচ্ছায় অপসারিত/অপসারিত/বরখাস্ত।

(৭) আইএসএসবি (ISSB) কর্তৃক ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট ও একবার প্রত্যাখ্যাত হলে আবেদন করা যাবে)। তবে ০৫ (পাঁচ) বছর পূর্বে ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

(৮) প্রতিটি চোখের দৃষ্টিক্ষীনতা ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি হলে সেক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন।

(৯) সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত।

### আবেদন করার পদ্ধতিঃ

(১০) ১০ জানুয়ারি ২০২০ তারিখ হতে https://joinbangladesharmy.army.mil.bd ওয়েবসাইটের মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে। এক্ষেত্রে ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান কোনা-তে ক্লিক করে বর্ণিত কোর্সে APPLY করতে হবে। আবেদনকারী প্রার্থীগণ Trust Bank t-cash, VISA/Master Card, bKash, Rocket ইত্যাদির মাধ্যমে ১,০০০/- (এক হাজার) টাকা আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে এবং তাৎক্ষণিকভাবে লিখিত পরীক্ষার জন্য কল-আপ লেটার পাওয়া যাবে।

(১১) অনলাইনে আবেদন করতে যেকোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে দেখানো কাস্টমার সাপোর্ট নম্বরে (+৮৮০১৮৮৫০২২০২২) সরাসরি যোগাযোগ করুন।

### নির্বাচন পদ্ধতিঃ

**(১২) লিখিত পরীক্ষা।** লিখিত পরীক্ষা (পেশাগত বিষয়ে ১০০ নম্বর) আগামী ১৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখ ০৯০০ ঘটিকায় শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতঃ প্রার্থীরা কল-আপ লেটার প্রিন্ট করে নিবেন এবং পরীক্ষার সময় কল-আপ লেটার সাথে বহন করবেন। লিখিত পরীক্ষার ফলাফল আগামী ০৩ মার্চ ২০২০ তারিখে ওয়েবসাইট ও এসএমএস/টেলিফোনের মাধ্যমে জানানো হবে।

**(১৩) প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা।** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা আগামী ১৫ মার্চ ২০২০ হতে ২৫ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত এএফএমআই, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল পরীক্ষার সার্টিফিকেট ও মার্কসীট এর মূলকপি প্রদর্শন করতে হবে, অন্যথায় অযোগ্য বলে বিবেচিত হবেন।

**(১৪) আইএসএসবি পরীক্ষা।** লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবিন-এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং যাবতীয় ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

**(১৫) চূড়ান্ত নির্বাচন এবং যোগদান নির্দেশিকা প্রদান।** উপরোক্ত সকল পরীক্ষায় যোগ্যতা অর্জন সাপেক্ষে শূন্যাসনের অনুকূলে মেধাক্রম অনুযায়ী প্রার্থীদেরকে সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত ঘোষণা এবং পরবর্তীতে যোগদান নির্দেশিকা প্রদান করা হবে।

(১৬) আইএসএসবি গ্রীন কার্ডের মেয়াদ ০১ বছর (৩৬৫ দিন) বলবৎ থাকবে।

### প্রশিক্ষণ ও কমিশনঃ

**(১৭) বিএমএ প্রশিক্ষণ।** চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পর ক্যাডেট হিসেবে বিএমএ'তে ২৪ (চব্বিশ) সপ্তাহ প্রশিক্ষণ গ্রহণ করবেন।

**(১৮) কমিশন ও পশ্চাৎপ্রবীণতা।** কৃতকার্যের সাথে প্রশিক্ষণ সমাপ্তির পর ইঞ্জিনিয়ার্স, সিগন্যালস ও ইএমই কোরের অফিসারগণ ক্যাপ্টেন পদে কমিশন এবং বিএমএ'তে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের পশ্চাৎপ্রবীণতা প্রাপ্য হবেন। এইসি, জেএজি এবং আরভিঅ্যান্ডএফসি কোরের অফিসারগণ লেঃ পদে কমিশন এবং বিএমএ'তে যোগদানের তারিখ হতে ০১ (এক) বছরের পশ্চাৎপ্রবীণতা প্রাপ্য হবেন।

### প্রাপ্ত সুযোগ-সুবিধাঃ

**(১৯) বেতন-ভাতা।** সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসারগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন।

**(২০) অন্যান্য বিশেষত্ব।**

**ক। উচ্চতর শিক্ষা ও বিদেশে প্রশিক্ষণ।** ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতে উচ্চতর শিক্ষা ও বিদেশে প্রশিক্ষণের সুযোগ।

**খ। বাসস্থান।** নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তির সুযোগ।

**গ। চিকিৎসা।** সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দূরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা।

**ঘ। সন্তানদের অধ্যয়ন।** নিজ সন্তানদের জন্য ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ (AFMC), মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (MIST), বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (BUP) এবং সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজে অধ্যয়নের সুযোগ।

### বিশেষ নির্দেশনাঃ

(২১) সামরিক মৌলিক প্রশিক্ষণের প্রয়োজনে প্রার্থীদেরকে বিএমএ'তে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

(২২) বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাসদর সংরক্ষণ করে।

(২৩) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদান পত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাসদর সংরক্ষণ করে।

**পরিচালক**
**পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর**
**এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা**

**আবেদনের শেষ তারিখঃ ০৮ ফেব্রুয়ারি ২০২০ অনলাইনে আবেদন করতে ভিজিট করুনঃ https://joinbangladesharmy.army.mil.bd**

CROSSWALK_2019